

কেন্দুয়ায় প্রাথমিক স্তরের ছাত্রছাত্রীদের উপবৃত্তি প্রদান

প্রতিনিধি, কেন্দুয়া (নেত্রকোনা)

কেন্দুয়ার রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে অয়োজিত এক অনুষ্ঠানে এডুকেশন ডেভলপমেন্ট এসোসিয়েশনের (ইডিএ) উদ্যোগে দুলাপা, আতজিয়া, গড়াডোবা ও কলাই শিমুল ইউনিয়নের সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাত্রছাত্রীদের মধ্যে শিক্ষা বিস্তার, প্রতিটি গ্রামের তরে পড়া শিখতে-বিদ্যালয়গামী করণের লক্ষ্যে ইডিএ গঠন কয়েক বছর ধরে উপবৃত্তি প্রদান, শিক্ষা সফরসহ সভা-সেমিনারের মাধ্যমে প্রাথমিক স্তরে শিক্ষা ব্যবস্থা জোরদার করার জন্য ব্যাংক কর্মসূচি চালায়ে যাচ্ছে। প্রতি বছরের মতো এবারও ইডিএর উদ্যোগে এ অনুষ্ঠান মাধ্যম চারটি ইউনিয়নের উপবৃত্তি পরীক্ষার উত্তীর্ণ ৭২ জন মেধাবী ছাত্রছাত্রীকে এক হাজার করে টাকা ও সনদপত্র প্রদান করা হয়। ইডিএর প্রতিষ্ঠাতা সভাপতি বিশিষ্ট শিক্ষণী মুক্তিযোদ্ধা হায়দার আহমদ খান এফসিএর সভাপতি অনুষ্ঠিত উপবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন নেত্রকোনা জেলার অতিরিক্ত পুলিশ সুপার মো. মোফাজ্জল হোসেন। বিশেষ



কেন্দুয়া (নেত্রকোনা) : উপবৃত্তি ও পুরস্কার প্রদান অনুষ্ঠানের সভাপতি হায়দার আহমদ খান এক মেধাবী ছাত্রীর হাতে নগদ টাকা তুলে দিচ্ছেন -সংবাদ

অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মালবিকা ভৌমিক, জেলা আইনজীবী সমিতির সভাপতি বীর মুক্তিযোদ্ধা সাবেক কেন্দুয়া উপজেলা চেয়ারম্যান এডভোকেট সাফায়েত হোসেন খান। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম, উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. নূর আলম, কেন্দুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. হেলাল উদ্দিন প্রমুখ। বক্তারা

হায়দার আহমদ খান এফসিএ কর্তৃক শিক্ষা বিস্তারে ইডিএর এ মহতী উদ্যোগকে কেন্দুয়াসহ জেলার প্রতিটি উপজেলায় সম্প্রসারিত করার আহ্বান জানান। এ অনুষ্ঠানে উপবৃত্তি পাও প্রতিটি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাকে ও পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন স্কুলের শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী, অডিটর/কন্ট্রোলিং অফিসার বিভিন্ন স্তরের লোক ও সাংবাদিক উপস্থিত ছিলেন।